



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৯/৪৬২

তারিখ : ১৭/১১/২০১৯ খ্রি.


বিষয় : এসএসসি পরীক্ষা- ২০২০ এর প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষক হওয়ার তথ্যাবলি অনলাইনে প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল সরকারি, এমপিওভুক্ত ও বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল/ স্কুল এন্ড কলেজ) কর্মরত শিক্ষকগণের তথ্যাবলি আগামী ১০ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে এসএসসি পরীক্ষক কর্তৃক আবেদন/eTIF এ গিয়ে প্রয়োজনীয় সংশোধন ও যারা এখনও অন্তর্ভুক্ত হননি তাঁদেরকে অন্তর্ভুক্ত করতে হবে। প্রধান পরীক্ষক বা পরীক্ষক হিসেবে eTIF পূরণের জন্য সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক হতে হবে। ইংরেজি বিষয়ের জন্য ডিগ্রি পর্যায়ে ইংরেজি অথবা ইংরেজি বিষয়ে অনার্স ধারী হতে হবে। গণিত বিষয়ের জন্য অবশ্যই বিএসসি গণিত/ গণিত বিষয়ে অনার্স ধারী হতে হবে। তবে এমপিওভুক্ত প্রতিষ্ঠানের ননএমপিও শিক্ষক, অতিথি শিক্ষক, লাইব্রেরিয়ান, সহকারী লাইব্রেরিয়ান, অফিস সহকারী, কম্পিউটার অপারেটরের তথ্য eTIF এ প্রেরণ করা যাবে না। eTIF এ তথ্য প্রেরণ না করলে এসএসসি পরীক্ষা- ২০২০ এর প্রধান পরীক্ষক বা পরীক্ষক/নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন না। বর্তমানে এ বোর্ডের সকল প্রকার পারিশ্রমিক বিল সোনালী ব্যাংক লিমিটেডের অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়। তাই সকলকে সোনালী ব্যাংকের যে কোন শাখায় হিসাব খোলে ১৩ (তের) সংখ্যার ব্যাংক হিসাবটি সচল রাখা এবং হিসাব নম্বরের বিপরীতে বোর্ডে সরবরাহকৃত মোবাইল নম্বরটি সংযোজন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। উল্লেখ্য সকলকে (eTIF) পূরণ করার সময় সোনালী ব্যাংকের যে কোন শাখার ১৩ (তের) সংখ্যার সচল ব্যাংক হিসাব (প্রয়োজনে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে হবে), মোবাইল নম্বর (০১টি), প্রধান পরীক্ষক ও পরীক্ষক হওয়ার বিষয়, বিষয়কোড, চাকুরীতে যোগদানের তারিখ সুস্পষ্টভাবে অনলাইনে প্রেরণ না করলে প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগ/পারিশ্রমিক বিল প্রদানে কোন প্রকার জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। যে সকল শিক্ষকগণ পূর্বে (eTIF) আবেদন পূরণ করেছেন তাঁদেরকেও হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।

যে সকল শিক্ষক মৃত্যু বরণ করেছেন/চাকুরী হতে অবসর গ্রহণ করেছেন তাদের নাম eTIF হতে বাদ দিতে হবে। এছাড়া যে সকল শিক্ষক প্রতিষ্ঠান পরিবর্তন করেছেন অথবা বদলী হয়েছেন তাঁদের পূর্বের প্রতিষ্ঠানের তালিকা হতে নাম কর্তন করে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের তালিকায় অন্তর্ভুক্ত হতে হবে। অনলাইনে তথ্য প্রেরণের হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকদের স্বাক্ষর নিয়ে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন।

বিঃদ্র: চাকুরীতে যোগদানের তারিখ জেএসসি ও এসএসসি উভয় ক্ষেত্রেই শিক্ষক হিসেবে যোগদান/ এমপিওভুক্তির তারিখ লিখতে হবে। এছাড়া সৃজনশীল বিষয়ে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট (BEDU) কর্তৃক পরিচালিত ১২ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ যে বিষয়ে প্রশিক্ষণ নিয়েছেন অবশ্যই সে বিষয়ে প্রধান পরীক্ষক/পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে হবে।

উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


ফোন : ০৮১-৭৬১৭২

তারিখ : ১৭/১১/২০১৯ খ্রি.

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৯/৪৬২ (০৫)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৫। সংরক্ষণ নথি।



(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২